

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
শাখাঃ ৬ (কলেজ-১)

শাঃ ৬/১৩বিবিধ-২৯/২০০৯/২৬৫-শিক্ষা,

তারিখ ২৯ চৈত্র, ১৪১৭ বঙ্গাব্দ
১২ এপ্রিল, ২০১১ খ্রিস্টাব্দ

বিষয়ঃ সরকারি ও বেসরকারি কলেজসমূহের শিক্ষকগণের নিয়মিত উপস্থিতি নিশ্চিতকরণ।

লক্ষ্য করা যাচ্ছে যে, দেশের বিভিন্ন সরকারি কলেজসমূহে চাকুরিরত শিক্ষকগণের মধ্যে কিছু সংখ্যক শিক্ষক ক্লাসের নির্ধারিত সময় ব্যতীত কর্মস্থলে উপস্থিত থাকছেন না এবং বিনা অনুমতিতে প্রায়শ কর্মস্থলে অনুপস্থিত থাকছেন, যা তাদের নিয়মিত অভ্যাসে পরিণত হয়েছে। তাদের এধরনের আচরণ/কার্যকলাপ (ক) গণকর্মচারী শৃংখলা (নিয়মিত উপস্থিতি) অধ্যাদেশ ১৯৮২ (খ) সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ ও (গ) সরকারি কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ ১৯৭৯-এর পরিপন্থী।

০২। বর্তমান সময়সূচি অনুযায়ী দেশের অন্যান্য সরকারি কর্মকর্তা/ কর্মচারীর মত সরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকগণের প্রতিদিন (সরকারি ছুটি ব্যতীত) নিয়মিত কর্মস্থলে উপস্থিতি বাধ্যতামূলক। কিন্তু শিক্ষা প্রতিষ্ঠানে কোন কোন ক্ষেত্রে এ শৃংখলা বিঘ্নিত হচ্ছে মর্মে অভিযোগ পাওয়া যাচ্ছে যা অনভিপ্রেত।

০৩। বেসরকারি কলেজের ক্ষেত্রেও কিছু সংখ্যক শিক্ষকদের মধ্যে অনুরূপ বেআইনী/বিধি-বহির্ভূত আচরণ পরিলক্ষিত হচ্ছে। ফলে দেশের ছাত্র-ছাত্রীদের পাঠদান, শিক্ষার মান উন্নয়নসহ প্রতিষ্ঠানের সার্বিক ব্যবস্থাপনা মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে। সরকারি ও বেসরকারি কলেজসমূহে অনিয়মিত উপস্থিতি যাতে বন্ধ হয় সে জন্য সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ/ প্রতিষ্ঠান প্রধানের গুরুত্বপূর্ণ দায়িত্ব রয়েছে। এক্ষেত্রে ভবিষ্যতে নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ/ প্রতিষ্ঠান প্রধান প্রশাসনিক শৃংখলা রক্ষার স্বার্থে কোন ধরনের অবহেলা, গাফিলতি, উদাসীনতা, বিলম্ব না করে এধরনের অননুমোদিত অনুপস্থিতির জন্য দায়ী শিক্ষকদের বিরুদ্ধে উল্লিখিত আইন বিধি-বিধানের অধীনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

০৪। বিষয়টির গুরুত্ব অনুধাবন করে সংশ্লিষ্ট সকলে আন্তরিকতার সাথে দায়িত্ব পালনে তৎপর হবেন মর্মে আশা করা যায়। শিক্ষা ব্যবস্থার মান উন্নয়ন ও শিক্ষার সুষ্ঠু পরিবেশ নিশ্চিত করার লক্ষ্যে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এ নির্দেশনা জারি করা হ'ল।

স্বাঃ/-

(মোঃ ইকবাল হোসেন)
সিনিয়র সহকারী সচিব
ফোন নম্বরঃ ৭১৬০৪৬৭

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ২। অধ্যক্ষ,(সকল)।

শাঃ ৬/১৩বিবিধ-২৯/২০০৯/২৬৫-শিক্ষা,

তারিখ ২৯ চৈত্র, ১৪১৭ বঙ্গাব্দ
১২ এপ্রিল, ২০১১ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হ'লঃ

১. বিভাগীয় কমিশনার,(সকল)।
২. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, -----।
৩. জেলা প্রশাসক,(সকল)।
৪. শিক্ষা মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. মাননীয় প্রধানমন্ত্রীর শিক্ষা, সামাজিক উন্নয়ন ও রাজনীতি বিষয়ক উপদেষ্টার একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৬. শিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সভাপতি মহোদয়ের একান্ত সচিব, জাতীয় সংসদ ভবন, ঢাকা।
৭. সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. সিস্টেম এনালিস্ট, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(মোঃ ইকবাল হোসেন)
সিনিয়র সহকারী সচিব